327

ভোরের কাগজ

তারিখ ... JUL 1 5 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

ঢা. বি. সিনেট

## শিক্ষা নিয়ে আলোচনার জন্য বিশেষ অধিবেশন অনুষ্ঠানের সিদ্ধান্ত

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটের বার্ষিক অধিবেশনের সমাপনী দিনে মঙ্গলবার শিক্ষা কার্যক্রম নিয়ে আলোচনার জন্য সিনেটের একটি বিশেষ অধিবেশন অনুষ্ঠানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সিনেট সভায় বিশ্ববিদ্যালয়ের বাজেট, শিক্ষার মান, শিক্ষকদের কনসালটেন্সি, সমাবর্তন নিয়ে আলোচনা হয়। সভায় শহীদ মিনার রক্ষণাবেক্ষণ ও পরিবেশ উন্নত করতে একটি কমিটি করা হয়। গোলাম কুদ্দুসকে আহ্বায়ক করে গঠিত কমিটির অন্য সদস্যরা হলেন- রামেন্দু মজুমদার, অধ্যাপক হারুন অর রশিদ, অধ্যাপক আব্দুল মান্নান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী। সভায় শহীদ মিনারে সার্বক্ষণিক প্রহরি নিয়োগ, রাতে ফ্লাড লাইটের ব্যবস্থা করা এবং শহীদ মিনার এলাকায় পাবলিক টয়লেট নির্মাণ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত অধিবেশনে বক্তব্য রাখেন অধ্যাপক মোহাব্বত খান, হাবিবুর রহমান খান, অধ্যাপক এ কে এম সাদউদ্দিন, এস এম ইমামুল হক, অধ্যাপক আব্দুল আজিজ, গোলাম কুদ্দুস, অধ্যাপক মাহফুজা খানম, অধ্যাপক আব্দুল মান্নান, অধ্যাপক রঙ্গলাল সেন, অধ্যাপক হারুন অর রশিদ প্রমুখ।